দৈনিক সংবাদ

১৮/৩/২০০৩

তারিখ ...........
পৃঃ ৭ কলাম ...৩....

## বরিশাল মেডিক্যাল কলেজ

# অধ্যক্ষকে পদত্যাগের জন্য চাপ সৃষ্টি

**বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক** ঃ বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজের ছাত্রদল ছাত্রশিবির তাদের নির্দেশমতো কলেজ পরিচালনা করা নতুবা কলেজের অধ্যক্ষ প্রফেসর আর, কে সাহাকে পদত্যাগ করার জন্য চাপ সৃষ্টি করেছে।

বরিশাল মেডিক্যাল কলেজে অ্যাকাডেমিক কাউন্সিলের সভায় ড্যাব দলীয় শিক্ষকদের উস্কানিমূলক বক্তব্য ও ছাত্রদল-ছাত্রশিবিরের তান্ডবের খবরাখবর সংবাদপত্রে প্রকাশিত হওয়ায় তারা এজন্য অধ্যক্ষকে অভিযুক্ত করেছে। বুধবার সকালে বরিশাল জেলা ড্যাবের সম্পাদক ডা. আমিনুল হক, ডা. হাবিবের নেতৃত্বে ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতারা অধ্যক্ষের কক্ষে গিয়ে কিভাবে কলেজের খবরাখবর সংবাদপত্রে প্রকাশিত হয় তার ব্যাখ্যা চায়, এ সময়ে কলেজে উপস্থিত স্থানীয় পত্রিকার একজন সাংবাদিককে পেয়ে তার ওপরও একই বিষয়ে চাপ সৃষ্টি করা হয়। পরে ছাত্রদল ও ছাত্র শিবিরের উত্তেজিত সদস্যরা কলেজের অধ্যক্ষকে কলেজ খুলে দেয়া নতুবা পদত্যাগ করার দাবি জানায়। অধ্যক্ষও বাধ্য হয়ে পদত্যাগ করবেন বলে জানিয়ে তার অফিস কক্ষ ত্যাগ করে চলে যান।

উল্লেখ্য, বিএনপি-জামাত সমর্থক ড্যাবের বরিশাল জেলা কমিটির সম্পাদক ও শিশু চিকিৎসা বিভাগের সহকারী অধ্যাপক ডা. আমিনুল হককে এক বছর আগে ফরিদপুর মেডিক্যাল কলেজে বদলি করা হলে তিনি বরিশাল মেডিক্যাল কলেজ থেকে বিদায় নিয়ে যান। তিনি স্থায়ীভাবে বরিশাল শহরে বসবাস এবং প্রাইভেট চিকিৎসা ব্যবসা করে যাচ্ছেন। তিনি বরিশাল মেডিক্যাল কলেজের সাথে সম্পৃক্ত না থাকলেও বরিশালে বসবাস করার সুবাদে কলেজ অ্যাকাডেমিক কাউন্সিলের প্রতিটি সভাতেই উপস্থিত থেকে নিয়মিত উস্কানিমূলক বক্তব্য দিয়ে যাচ্ছেন।